


মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের বানী

আজ ২১ শে ফেব্রুয়ারি। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাঙালি জাতির ইতিহাসে এই দিনটি গভীর শোক, গৌরব ও আত্মমর্যাদার এক অনন্য মাইলফলক। ১৯৫২ সালের এই দিনে মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেয়ার দাবিতে জীবন উৎসর্গ করেছিলেন সালাম, বরকত, শফিক, রফিক, জব্বার সহ আরো অনেকে। তাঁদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি আমাদের প্রিয় মাতৃভাষা বাংলা যা আমাদের আত্মপরিচয়ের মূলভিত্তি।

ভাষা আন্দোলন কেবল ভাষার অধিকার আদায়ের সংগ্রাম ছিল না; এটি ছিল বাঙালির আত্মমর্যাদা, সংস্কৃতি ও স্বাধিকার চেতনার জাগরণ। রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ছাত্রসমাজের নেতৃত্বে যে গণআন্দোলন গড়ে উঠেছিল, তা পরবর্তীকালে আমাদের মহান স্বাধীনতা সংগ্রামের ভিত্তি রচনা করে। ভাষা শহীদদের রক্তে রঞ্জিত একুশ আজ শুধু শোকের নয়, গৌরবেরও প্রতীক।

ভাষা আন্দোলনের সেই ত্যাগ ও সংগ্রামের স্বীকৃতি হিসেবে ইউনেস্কো ১৯৯৯ সালে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। এর ফলে মাতৃভাষার মর্যাদা রক্ষায় বাঙালি জাতির গৌরবোজ্জ্বল ইতিহাস বিশ্ব দরবারে বিশেষ সম্মান লাভ করে। পাশাপাশি বিশ্বব্যাপী ভাষাগত বৈচিত্র্য ও মাতৃভাষার মর্যাদা রক্ষার গুরুত্ব নতুনভাবে স্বীকৃত হয়। আজ বিশ্বের বিভিন্ন দেশে নানা ভাষাভাষী মানুষ এই দিনটি পালন করে ভাষার অধিকার ও সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি সম্মান প্রদর্শন করছে।

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় একটি জ্ঞানচর্চার কেন্দ্র হিসেবে ভাষা শহীদদের আদর্শ ধারণ করে জ্ঞানচর্চা, গবেষণা ও কৃষি উন্নয়নের মাধ্যমে দেশের অগ্রযাত্রায় অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। মাতৃভাষার সঠিক চর্চা, বিশুদ্ধ ব্যবহার এবং গবেষণায় বাংলা ভাষার প্রসার ঘটানো আমাদের নৈতিক দায়িত্ব।

আমি কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সকলকে ভাষা শহীদদের আদর্শ ধারণ করে দেশপ্রেম, মানবিকতা ও দায়িত্ববোধে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানাই। আসুন, আমরা ভাষা আন্দোলনের চেতনাকে হৃদয়ে ধারণ করে জ্ঞানভিত্তিক, সমৃদ্ধ ও আলোকিত বাংলাদেশ বির্নিমানে ভূমিকা রাখি।

পরিশেষে মহান ভাষা শহীদদের আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি।

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

২১শে ফেব্রুয়ারি, ২০২৬
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়